# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৩২: মুমিনগণ জান্নাতে তাঁদের প্রতিপালককে দেখতে পাবেন কি?

হ্যাঁ, মুমিনগণ জান্নাতে তাঁদের প্রতিপালককে দেখতে পাবেন। আল্লাহ তা‘আলা বলেন,

﴿ وُجُوهٞ يَوۡمَئِذٖ نَّاضِرَةٌ ٢٢ إِلَىٰ رَبِّهَا نَاظِرَةٞ ٢٣ ﴾ [القيامة: ٢٢، ٢٣]

“সেদিন অনেক মুখমণ্ডল উজ্জ্বল হবে। তারা তাদের পালনকর্তার দিকে তাকিয়ে থাকবে” (কিয়ামাহ ২২-২৩)। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«إِنَّكُمْ تَرَوْنَ رَبَّكُمْ»

“নিশ্চয়ই তোমরা তোমাদের প্রতিপালককে (জান্নাতে) দেখবে” (বুখারী ও মুসলিম)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1517

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন